# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭০৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ سَمِعَ رَجُلًا يَنْشُدُ ضَالَّةً فِي الْمَسْجِدِ فَلْيَقُلْ: لَا رَدَّهَا اللَّهُ عَلَيْكَ فَإِنَّ الْمَسَاجِدِ لم تبن لهَذَا . رَوَاهُ مُسلم

বাংলা

৭০৬-[১৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি শুনে অথবা দেখে মসজিদে এসে কেউ তার হারানো জিনিস খুঁজছে, সে যেন তার উত্তরে বলে, ’আল্লাহ করুন তোমার হারানো জিনিস তুমি না পাও। কারণ হারানো জিনিস খুঁজবার জন্য এ ঘর তৈরি করা হয়নি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৬৮, আবূ দাউদ ৪৭৩, ইবনু মাজাহ্ ৭৬৭, সহীহ ইবনু খুযাইমাহ্ ১৬৫১, সহীহ আল জামি‘ ৬৩০২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে সাব্যস্ত হয় যে, উচ্চৈঃস্বরে হারানোর বস্ত ঘোষণা দেয়া হারাম। কেননা মাসজিদ এজন্য তৈরি হয়নি, বরং তৈরি হয়েছে আল্লাহর যিকর, সালাত (সালাত/নামায/নামাজ) আদায়, ‘ইলম আলোচনা ইত্যাদির জন্য। তবে কারো যদি কোন কিছু খোয়া যায় মসজিদের দরজায় বসবে প্রবেশকারী ও বের হওয়া ব্যক্তিকে জিজ্ঞেস করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55263

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন